

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ১০৭ [আন্তর্জাতিক নামারঃ ১৩০]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইল্য অর্জনে লজ্জাবোধ করা

بَابُ الْحَيَاءِ فِي الْعِلْمِ

আরবী

..... عَنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: جَاءَتْ أُمُّ سُلَيْمٍ إِلَى رَسُولِ اللَّهِ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، إِنَّ اللَّهَ لَا يَسْتَحِي مِنَ الْحَقِّ، فَهَلْ عَلَى الْمَرْأَةِ مِنْ غُسْلٍ إِذَا احْتَلَمَتْ؟ قَالَ النَّبِيُّ إِذَا رَأَتِ الْمَاءَ. فَغَطَّتْ أُمُّ سَلَمَةَ تَعْنِي وَجْهَهَا وَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، أَوْتَحْتَلِمُ الْمَرْأَةُ؟ قَالَ نَعَمْ تَرِبَتْ يَمِينُكِ، فَبِمِ يُشْبِهُهَا وَلَدُهَا.

বাংলা

১০৭) উম্মে সালামা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ উম্মে সুলাইম নবী সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট আগমণ করে বলেনঃ হে আল্লাহর রাসূল! আল্লাহ হক বলতে লজ্জাবোধ করেন না। তাই আমার প্রশ্ন হল মহিলাদের স্বপ্নদোষ হলে তাদের উপর কি গোসল আবশ্যক? উত্তরে নবী সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ হ্যাঁ, যখন তারা পানি (বীর্য) দেখতে পাবে। এ কথা শুনে উম্মে সালামা তাঁর মুখ ঢেকে নিলেন এবং বলেনঃ হে আল্লাহর রাসূল! মহিলাদেরও কি স্বপ্নদোষ হয়? তিনি বলেনঃ হ্যাঁ। তোমার ডান হাত ধূসরিত হোক। মহিলাদের স্বপ্নদোষ না হলে কিভাবে সন্তান তাদের অনুরূপ হয়ে থাকে?

টিকাঃ রাসূল সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর বাণী “তোমার ডান হাত ধূসরিত হোক”-এর দ্বারা বদ দুআ বা অকল্যাণ কামনা উদ্দেশ্য নয়। এটি আরবদের একটি সাধারণ পরিভাষা। শ্রোতাকে কোন বিষয় ভালভাবে বুবানোর জন্য তারা তাদের কথা-বার্তায় অনুরূপ বাক্য ব্যবহার করত। আবার এর দ্বারা বরকতের দুআও উদ্দেশ্য হতে পারে। যেমন দ্বীনদার স্ত্রী চয়নের প্রসঙ্গে নবী সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই কথা বলে বরকতের দুআ করেছেন।

English

(What is said as regards): To be shy (Al-Haya) while learning (religious) knowledge

Narrated Um Salama:

Um-Sulaim came to Allah's Messenger (ﷺ) and said, "Verily, Allah is not shy of (telling you) the truth. Is it necessary for a woman to take a bath after she has a wet dream (nocturnal sexual discharge?) The Prophet replied, "Yes, if she notices a discharge." Um Salama, then covered her face and asked, "O Allah's Messenger (ﷺ)! Does a woman get a discharge?" He replied, "Yes, let your right hand be in dust (An Arabic expression you say to a person when you contradict his statement meaning "you will not achieve goodness"), and that is why the son resembles his mother."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৩২

ইসলামিক সেন্টারঃ ১২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88803>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন